

# রংয়েটে প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ৩ জানুয়ারি

স্টাফ রিপোর্টার, রাজশাহী

প্রকাশিত: ২০:৪৭, ৫ অক্টোবর ২০২৫



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রংয়েট) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার স্টিয়ারিং কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল অনুষদের ডিন ও প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার স্টিয়ারিং কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নুরুল ইসলাম। সভায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়।

আগামী বছরের ৩ জানুয়ারি প্রাক-নির্বাচনী (MCQ) এবং ২৩ জানুয়ারি  
নির্বাচনী লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে।  
এছাড়াও ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্নের জন্য করণীয়  
নির্ধারণ করা হয়।

রবিবার রুয়েটের জনসংযোগ দফতরের উপ পরিচালক সাক্ষরিত  
সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।